প্রকৃতি কন্যা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফেঞ্চুগঞ্জ, সিলেট
E-mail : unofenchuganj@mopa.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব রাখী আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা হল রুম, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ঃ ১৮-১০-২০২১ খ্রি., সময় ঃ দুপুর ১২:০০টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট- "ক"

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে আংশিক সংশোধনক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ হয়। অতঃপর অফিসার ইনচার্জ ফেঞ্চুগঞ্জ কর্তৃক বিগত মাসের অপরাধ বিষয়ক চিত্র পেশ করায় নিম্নে তা উল্লেখ করা হলো।

**আইন-শৃঙ্খলা ঃ অপরাধ চিত্র**

| মাস | নারী ও শিশু নির্যাতন মামলা | ধর্ষণ মামলা | মাদক মামলা | চুরি | অন্যান্য খাতে মামলা | অস্ত্র মামলা | চোরাচালান মামলা | মোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর ২০২১ | - | ০৩ | - | ০১ | ০২ | - | - | ০৬ |

০১) জনাব আব্দুল বারী, আহবায়ক কার্যকরী উপ কমিটি, ফেঞ্চুগঞ্জ বাজার সভায় জানান যে, গত মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ফেঞ্চুগঞ্জ বাজার বণিক সমিতি নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। আশা করি নভেম্বর ২০২১ মাসের মধ্যে নির্বাচন সম্পন্ন করা হবে বলে তিনি সভায় জানান।

০২) জনাব রবীন্দ্র কুমার নাথ, সভাপতি, হিন্দু বৌদ্ধ খৃস্টান ঐক্য পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সভায় জানান এ উপজেলায় দুর্গাপূজা সুন্দর ও সুষ্ঠুভাবে পালন করা হয়েছে। কোন ধরনের বিশৃঙ্খলা সৃষ্টি হয়নি। এ জন্য তিনি সভার মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, আইন শৃঙ্খলা বাহিনীসহ সকল জনপ্রতিনিধিদের ধন্যবাদ জানান।

০৩) জনাব আব্দুল আব্দুল বাছিত টুটুল, সাধারণ সম্পাদক, ফেঞ্চুগঞ্জ উপজেলা আওয়ামীলীগ সভায় ফেঞ্চুগঞ্জ উপজেলায় শান্তিপূর্ণভাবে দুর্গাপূজা পালন হয়েছে কোন ধরনের সমস্যা হয়নি। এজন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, থানা প্রশাসনসহ সকল জনপ্রতিনিধিদের ধন্যবাদ জানান।

০৪) মহিলা বিষয়ক অফিসার সভায় জানান ১নং ফেঞ্চুগঞ্জ ইউনিয়নের ছত্তিশ গ্রামে একটি বাল্য বিবাহ ও রেল কলোনী এলাকায় একটি বাল্য বিবাহ মোট দুটি বাল্য বিবাহ সংঘটিত হওয়ার সত্যতা পাওয়া গেছে । ৫নং ইউনিয়নে ১টি বাল্য বিবাহ চেয়ারম্যান ও সমাজসেবা অফিসার এর সহযোগিতায় বাল্যবিবাহ বন্ধ করে সমাজসেবা অধিদপ্তরে সেন্টারের জন্য পাঠানো হয়েছে।

০৫) অফিসার ইনচার্জ সভায় জানান ৩নং ঘিলাছড়া এলাকায় সুদখোর ও জুয়াড়ীদের বৃদ্ধি পেয়েছে এদেরকে আইনের আওতায় আনার জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলকে সহযোগিতা প্রয়োজন। তিনি ফেঞ্চুগঞ্জ উপজেলাকে মাদকমুক্ত করার জন্য সর্বাত্মক চেষ্টা করে যাচ্ছেন বলে জানান। এছাড়া তিনি বলেন কিছু অনাকাঙ্খিত ঘটনা ছাড়া বর্তমানে ফেঞ্চুগঞ্জের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

০৬) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় এ উপজেলায় সকল পূজা মন্ডপে পুলিশ, আনসার নিরাপত্তা জোরদার করায় এ উপজেলা কোন ধরনের আইনশৃঙ্খলা বিঘ্ন ঘটেনি। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসার, পুলিশ প্রশাসন, ইউপি চেয়ারম্যানগন সার্বক্ষণিক তদারকি করায় কোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা ঘটেনি।

০৭) মুখ্য উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য ২৩১,সিলেট-৩ সভায়, ফেঞ্চুগঞ্জ বাজার বণিক সমিতি নির্বাচনের অগ্রগতি সর্ম্পকে জানতে চান। তাছাড়া ফেঞ্চুগঞ্জ বাজারকে নান্দনিক করে গড়ে তোলার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৮) উপজেলা নির্বাহী অফিসার ও অদ্যকার সভার সভাপতি বক্তব্যের শুরুতেই সকলকে শুভেচ্ছা জানান। তিনি কুমিল্লার অনাকাঙ্খিত ঘটনা নিয়ে সভায় আলোচনা করেন। সকল ধরণের সম্প্রীতি বজায় রাখতে ধৈর্য্য ধরতে তিনি সকলকে অনুরোধ জানান। ধর্মনিরপেক্ষ অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন বর্তমান পরিস্থিতি বিবেচনা করে ইউনিয়ন গ্রাম পুলিশদের নিরাপত্তা কাজে নিয়োগ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তাছাড়া কুমিল্লার ঘটনাকে কেন্দ্র করে কোন ধরনের উস্কানীমূলক ফেসবুক পোস্ট না দেয়ার জন্য অনুরোধ জানান। তিনি সরকারি জমি উদ্ধারে আইন শৃঙ্খলা বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা করার অনুরোধ জানান। তিনি ছোট অপরাধগুলো থানায় না গিয়ে গ্রাম আদালতের মাধ্যমে সমাধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান এবং পেন্ডিং মামলা দ্রুত নিস্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে গ্রাম আদালত এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। বাল্য বিবাহ ও নারী নির্যাতন যেন না হয় সে বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। যদি বাল্য বিবাহ হয়ে থাকে তাহলে সুষ্ঠুভাবে তদন্ত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ/মহিলা বিষয়ক অনুরোধ করেন। এসব বাল্য বিবাহের বিষয়ে যথাযথ আইনি পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া ইউনিয়ন পরিষদের সকল ধরনের সভার মিটিং করে কার্যবিবরণী প্রেরণের জন্য সকলকে অনুরোধ করেন।

চলমান পৃষ্ঠা-০২

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রং নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সকল ধরনের সম্প্রীতি বজায় রাখতে ধৈর্য ধরতে বলা হয় এবং ধর্মনিরপেক্ষ অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করা হয়। | অফিসার ইনচার্জ ও চেয়ারম্যান (সকল) ইউ.পি, ইসলামিক ফাউন্ডেশন,ফেঞ্চুগঞ্জ ও হিন্দু,বৌদ্ধ ও খ্রিস্টান ঐক্য পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | বাজারে যানজট নিরসনে অফিসার ইনচার্জ, বাজার বণিক সমিতি ও পরিবহন শ্রমিক সমিতির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ ও চেয়ারম্যান (সকল) ইউ.পি |
| ০৩ | প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ, নারী নির্যাতন ও যৌতুক বিরোধী কমপক্ষে ০২ টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আহ্বান করে সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পর্যায়ে ও গ্রাম পর্যায়ে সন্ত্রাস জঙ্গিবাদ বিরোধী সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সকল মসজিদ মাদ্রাসায় প্রতি শুক্রবার/জুম্মাবারে জঙ্গী বিরোধী খুতবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করে সাধারণ জনগণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ.পি ও ইসলামিক ফাউন্ডেশন,ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | অবৈধ কারেন্ট জাল প্রতিরোধে উপজেলা মৎস্য অফিসারকে নিয়মিত অভিযান পরিচালনা সহ মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) |
| ০৫ | ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালতের কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এক বছরের অধিক ও কম সময়ের পেন্ডিং মামলা সমূহের তথ্য নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ও ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সকল সভার বিষয়ে সভার তারিখ উল্লেখ করে প্রতিবেদন পাঠাতে হবে। | চেয়ারম্যান (সকল) ইউ.পি |
| ০৭ | ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সকল সভার বিষয়ে সভার তারিখ উল্লেখ করে প্রতিবেদন পাঠাতে হবে। | চেয়ারম্যান (সকল) ইউ.পি |
| ০৮ | প্রতি মাসের ৪র্থ মঙ্গলবার ইউনিয়ন আইনশৃঙ্খলা কমিটির সভা যথাযথভাবে করার জন্য জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ.পি |
| ০৯ | ফেঞ্চুগঞ্জ বাজার বণিক সমিতির নির্বাচন নভেম্বর ২০২১ মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফেঞ্চুগঞ্জ বাজার বণিক সমিতি ও সংশ্লিষ্ট সকল |
| ১০ | বাল্য বিবাহ/বিবাহ বিচ্ছেদ, মদ জুয়াসহ সব ধরনের মাদকের অপবিস্তাররোধে সকলকে সচেতন থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ ও চেয়ারম্যান (সকল) ইউ.পি |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rakhi
৮.১১.২০২১

রাখী আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☏০৮২২৬-৫৬০১২
০১৭৩০৩৩১০৩৪

চলমান পৃষ্ঠা-০৪

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০২৩.২০২১.৬৩৬ তারিখ ঃ ০১-১১-২০২১ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

১। মাননীয় সংসদ সদস্য ও মুখ্য উপদেষ্টা, ২৩১ সিলেট-৩ আসন
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার,সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৮। উপজেলা ---------------------------------------------------------- অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
৯। চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ/২নং মাইজগাঁও/৩নং ঘিলাছড়া/৪নং উত্তর কুশিয়ারা/৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউ.পি
১০। জনাব/বেগম ------------------------------------- সদস্য, ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ঘিলাছড়া, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

১.১১.২১

উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট

**পরিশিষ্ট 'ক'**

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্র:নং | নাম | পদবী/ঠিকানা/মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | **জনাব হাবিবুর রহমান** | **সংসদ সদস্য ,২৩১,সিলেট-৩** | |
| ২ | জনাব মোঃ নুরুল ইসলাম | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ ও উপদেষ্টা | |
| ৩ | জনাব মোঃ জাহিরুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ ও উপদেষ্টা | |
| ৪ | জনাব মোছাঃ মোহিনী বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ ও উপদেষ্টা | |
| ৫ | ডা: কামরুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ৬ | জনাব মোঃ শাফায়েত হোসেন | অফিসার ইনচার্জ ফেঞ্চুগঞ্জ থানা ,সিলেট | |
| ৭ | জনাব মো: শফিক উদ্দিন | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ৮ | জনাব জেসমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ৯ | জনাব মো: আবু সাঈদ মিয়া | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,ফেঞ্চুগঞ্জ | |
| ১০ | জনাব আব্দুল মোমিন | উপজেলা মৎস্য কর্মকর্তা(ভারপ্রাপ্ত), ফেঞ্চুগঞ্জ | |
| ১১ | জনাব মোঃ মহমুদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| ১২ | জনাব আহাদুজ্জামান | প্রধান শিক্ষক, কাসিম আলী সরকারী মডেল উচ্চ বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ | |
| ১৩ | জনাব এ কে এম মিছবাউর রহমান | প্রধান শিক্ষক, ফরিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ | |
| ১৪ | জনাব মোঃ বদরুদ্দোজা | চেয়ারম্যান,১ নং ফেঞ্চুগঞ্জ ইউ.পি | |
| ১৫ | জনাব ছুফিয়ানুল করিমচৌধুরী | চেয়ারম্যান, ২ নং মাইজগাঁও ইউ.পি । | |
| ১৬ | জনাব লেইচ চৌধুরী | চেয়ারম্যান,৩ নং ঘিলাছড়া ইউ.পি | |
| ১৭ | জনাব আহমদ জিলু | চেয়ারম্যান, ৪ নং উত্তর কুশিয়ারা ইউ.পি | |
| ১৮ | জনাব মোঃ এমরান উদ্দিন | চেয়ারম্যান,৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি | |
| ১৯ | জনাব মামুনুর রশীদ | সভাপতি,ফেঞ্চুগঞ্জ প্রেস ক্লাব | |
| ২০ | জনাব শওকত আলী | গোলাঘাট, মাইজগাঁও ফেঞ্চুগঞ্জ | |
| ২১ | জনাব আব্দুল বাছিত টুটুল | কে.এম টিল্লা, মাইজগাঁও ফেঞ্চুগঞ্জ | |
| ২২ | জনাব মোঃ মিজানুর রহমান | স্টেশন অফিসার, ফেঞ্চুগঞ্জ ফায়ার সার্ভিস | |
| ২৩ | জনাব সৈয়দ খালিকুজ্জামান হীরক | সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি,ফেঞ্চুগঞ্জ | |
| ২৪ | জনাব সনৎ কুমার ঘোষ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফেঞ্চুগঞ্জ | |
| ২৫ | জনাব আলতাউর রহমান | সাবেক সিবিএ সভাপতি, নূরপুর, ফকিরপাড়া, ফেঞ্চুগঞ্জ | |
| ২৬ | জনাব আব্দুল বারী | আহবায়ক, কার্যকরী উপ কমিটি, ফেঞ্চুগঞ্জ বাজার, সিলেট। | |
| ২৭ | জনাব মিসবা আহমদ চৌধুরী | গাজীপুর, ঘিলাছড়া, ফেঞ্চুগঞ্জ, সিলেট। | |
| ২৮ | জনাব রবীন্দ্র কুমার নাথ | সভাপতি, হিন্দু বৌদ্ধ খৃস্টান ঐক্য পরিষদ,ফেঞ্চুগঞ্জ,সিলেট। | |
| ২৯ | জনাব জাহানারা বেগম শ্যামা | নিজামপুর,ফেঞ্চুগঞ্জ,সিলেট | |
| ৩০ | জনাব সালেহা বেগম | সংরক্ষিত মহিলা ইউ পি সদস্য,০৩ নং ঘিলাছড়া ইউ পি,ফেঞ্চুগঞ্জ | |
| ৩১ | জনাব নুরজাহান | সংরক্ষিত মহিলা ইউ পি সদস্য, ০৪ নং মাইজগাঁও ইউ পি,ফেঞ্চুগঞ্জ | |
| ৩২ | জনাব মাসুক আহমদ, | ফিল্ড সুপারভাইজার,ইসলামিক ফাউন্ডেশন,ফেঞ্চুগঞ্জ | |

**পরিশিষ্ট 'খ'**

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ

| ক্র:নং | সদস্যদের পদবি | |
|---|---|---|
| ১ | ভারপ্রাপ্ত অধ্যক্ষ, ফেঞ্চুগঞ্জ ডিগ্রী কলেজ | |
| ২ | অধ্যক্ষ, ফেঞ্চুগঞ্জ মোহাম্মদীয়া ফাযিল মাদরাসা | |